ইত্তেফাক

০৩৫

তারিখ ... ১৫। ৭।৭৪ ... ...
পৃষ্ঠা ... ... ... ... ম ... ... ...

# ৪টি বিভাগীয় সদর দফতরে শিক্ষা ওয়ার্কশপ

(ইত্তেফাক রিপোর্ট)

প্রেসিডেণ্ট জিয়াউর রহমান ৪টি বিভাগীয় সদর দফতরে শিক্ষা ওয়ার্কশপ অনুষ্ঠানের জন্য নির্দেশ প্রদান করিয়াছেন।

গতকাল (বৃহস্পতিবার) জাতীয় সংসদ ভবনের এক নম্বর কমিটি কক্ষে অনুষ্ঠিত জাতীয় শিক্ষা ওয়ার্কশপের অনুষ্ঠানের দ্বিতীয় অধিবেশনে তাঁহার এই নির্দেশের কথা আনুষ্ঠানিকভাবে ঘোষণা করিয়া শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, শিক্ষা ব্যবস্থায় বিরাজমান সমস্যাবলী সম্পর্কে দেশের প্রত্যন্ত এলাকার শিক্ষানুরাগীদের মতামত গ্রহণের উদ্দেশ্যেই বিভাগীয় সদর দফতরগুলিতে এ ওয়ার্কশপের সিদ্ধান্ত লওয়া হইয়াছে।